দৈনিক সংবাদ

তারিখ 01 DEC 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

106

শিক্ষা তথ্য ও পরিষদ ডকুমেন্টেশন

মন্ত্রীপরিষদে রদবদল ॥ ১৫ জন নতুন নিয়োগ ॥ ৭ জন বাদ পড়লেন

# বিচারপতি নূরুল ইসলাম উপ-রাষ্ট্রপতি হলেন



গতকাল রাতে রাষ্ট্রপতি এইচ, এম এরশাদ জনাব বিচারপতি এ,কে, এম নূরু... হিসেবে শপথ গ্রহণ করান।

রাষ্ট্রপতি এইচ, এম এরশাদ গতকাল রোববার রাতে বাংলাদেশের উপ-রাষ্ট্রপতি হিসেবে বিচারপতি জনাব এ,কে, এম নূরুল ইসলামকে নিয়োগ করেছেন।

বাসস জানায়, তিনি ৬ জন নতুন মন্ত্রী, ৪ জন প্রতিমন্ত্রী এবং ৬ জন উপমন্ত্রীও নিয়োগ করেছেন।

রাষ্ট্রপতি বঙ্গভবনে এক নোড়ম্বর অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি, নবনির্বাচিত মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের শপথ গ্রহণ করান।

নবনিযুক্ত মন্ত্রীরা হলেন: অর্থ উপদেষ্টা এম, সাইদুজ্জামান, পরিকল্পনা উপদেষ্টা এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ, কে খোন্দকার, উপদেষ্টা মাহবুবুর রহমান, জাফর ইমাম, এম, মতিউর রহমান এমপি ও আবদুর রশীদ ইঞ্জিনিয়ার এমপি।

এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ, কে খোন্দকার দেশের বাইরে রয়েছেন। পরে তিনি শপথ নেবেন।

৫ জন মন্ত্রী মেজর জেনারেল (অবঃ) মহব্বতজান চৌধুরী, এয়ার ভাইস মার্শাল (অবঃ) কে, এম আমিনুল ইসলাম, হাশিম উদ্দীন আহমদ, মমিন উদ্দীন আহমদ ও এম, এ সাত্তার এর আগে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন এবং রাষ্ট্রপতি তাদের পদত্যাগপত্র গ্রহণ করেন।

পাট প্রতিমন্ত্রী জাফর ইমাম পূর্ণ মন্ত্রীর পদে উন্নীত হয়েছেন।

প্রতিমন্ত্রীদের মধ্যে নবাগতরা হচ্ছেন--সর্দার আমজাদ হোসেন, মোস্তফা জামাল হায়দার, অধ্যাপক আবদুস সালাম এবং মেজর

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

দৈনিক সংবাদ

তারিখ 01 DEC 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

## মন্ত্রী পরিষদে রদবদল

(১ম পাতার পর)

(অবঃ) ইকবাল হোসেন চৌধুরী।

সংসদ সদস্যদের মধ্য থেকে ৫টি তরুণ নতুন মুখ উপমন্ত্রী হিসাবে মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত হয়েছেন। এরা হচ্ছেন ওয়াজিদ আলী খান পন্নি, লেফটেন্যান্ট কর্নেল (অবঃ) এইচ, এম, এ গাফ্ফার, গোলাম সারোয়ার মিলন, মাহমুদুর রহমান চৌধুরী ও নূরুল আমিন খান পাঠান।

উপমন্ত্রী মমতা ওহাব পদত্যাগ করেছেন।

প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী ও তিনজন উপ-প্রধানমন্ত্রী মওদুদ আহমেদ, অধ্যাপক এম, এ মতিন ও কাজী জাফর আহমদ তাদের পুরনো পদে বহাল রয়েছেন। মওদুদ আহমদের দফতরের কোন পরিবর্তন হয়নি, তবে অধ্যাপক মতিন ও কাজী জাফর আহমেদকে নতুন দফতরের ভার দেয়া হয়েছে।

### দপ্তর বন্টন

নব নিযুক্ত উপ-রাষ্ট্রপতি বিচারপতি এ, কে, এম নূরুল ইসলামকে আইন ও বিচার মন্ত্রণালয়ের দফতর দেয়া হয়েছে। মন্ত্রী হিসেবে তিনি এই দফতরের দায়িত্বে নিয়োজিত ছিলেন।

প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী তাঁর আগের দফতর ডাক ও তার মন্ত্রণালয়ের দায়িত্বে বহাল রয়েছেন।

মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের মন্ত্রণালয়ের বরাদ্দ নিম্নরূপ: উপ-প্রধানমন্ত্রী মওদুদ আহমদ--শিল্প; অধ্যাপক এম, এ মতিন--স্বরাষ্ট্র এবং কাজী জাফর আহমদ--বন্দর জাহাজ চলাচল ও আইডব্লিউটি; মেজর জেনারেল (অবঃ) এম শামসুল হক--ত্রাণ ও পুনর্বাসন; মেজর জেনারেল (অবঃ) এম, এ মুনিম--বাণিজ্য; শাহ মোয়াজ্জেম হোসেন--এল, জি, আর, ডি ও সমবায়; আনিসুল ইসলাম মাহমুদ, সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ; সিরাজুল হোসেন খান--মৎস্য ও পশুপালন, বেগম রাবিয়া ভুইয়া--সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক; আনোয়ার হোসেন (মঞ্জু)--জ্বালানি ও খনিজ সম্পদ; হুমায়ুন রশিদ চৌধুরী--পররাষ্ট্র বিষয়ক; সালাহউদ্দিন কাদের চৌধুরী—স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা; এ, কে, এম মাইদুল ইসলাম--ভূমি সংস্কার ও ভূমি প্রশাসন; মীর্জা রুহুল আমিন--কৃষি; মওলানা এম, এ মান্নান--ধর্ম বিষয়ক; শফিকুল গনি--পূর্ত; সুনীল কুমার গুপ্ত--বস্ত্র; আনোয়ার জাহিদ--তথ্য; এম, সাইদুজ্জামান--অর্থ; এয়ার ভাইস মার্শাল (অবঃ) এ, কে খোন্দকার--পরিকল্পনা; মাহবুবুর রহমান--শিক্ষা; জাফর ইমাম--পাট; এম, মতিউর রহমান--যোগাযোগ; আবদুর রশিদ ইঞ্জিনিয়ার--শ্রম ও জনশক্তি।

মেজর জেনারেল (অবঃ) মাহমুদুল হাসানকে কোন দফতর দেয়া হয়নি।

### প্রতিমন্ত্রীদের দফতর

শেখ শহিদুল ইসলাম---যুব ও ক্রীড়া; এ, সাত্তার--বেসামরিক বিমান চলাচল ও পর্যটন; সরদার আমজাদ হোসেন--খাদ্য; মেসবাহউদ্দীন আহমেদ--শিল্প; বিনয়কুমার দেওয়ান--এল, জি, আরডি ও সমবায়; মোস্তফা জামাল হায়দার--শ্রম ও জনশক্তি; প্রফেসর এ, সালাম--কৃষি এবং মেজর (অবঃ) ইকবাল হোসেন চৌধুরী---জ্বালানি ও খনিজ সম্পদ।

### উপমন্ত্রীদের দফতর

জিয়াউদ্দিন আহমেদ--বন্দর, জাহাজ চলাচল ও আইডব্লিউটি; এ, এফ, এম ফখরুল ইসলাম মুন্সী--অর্থ; ওয়াজিদ আলী খান পন্নী--পররাষ্ট্র বিষয়ক, লেঃ কর্নেল (অবঃ) এইচ, এম, এ গাফফার বীর উত্তম--বাণিজ্য; গোলাম সারওয়ার মিলন--শিক্ষা; মাহমুদুর রহমান চৌধুরী--যোগাযোগ এবং নূরুল আমিন খান পাঠান--স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা।

পাশাপাশি এক নোটিফিকেশনে বলা হয়, রাষ্ট্রপতির উপদেষ্টা জাকির খান চৌধুরী এবং মাহবুবুজ্জামান একজন মন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা হিসেবে বহাল থাকবেন।

জাকির খান চৌধুরী রাষ্ট্রপতির মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।